

আকাশবাণীশিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

2 OCTOBER 2026

7:45—7:55PM

(১) শিলচর পৌর নিগম নির্বাচন-২০২৬ এর আগামীকাল ভোটগ্রহণ/ সকাল সাড়ে সাতটা থেকে বিকেল চারটা পর্যন্ত ভোট/

(২) ভোটগ্রহণ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য ভোটকর্মীরা ভোটসামগ্রী নিয়ে নিজ নিজ ভোটগ্রহণ কেন্দ্রে/ পর্যাপ্ত নিরাপত্তা বাহিনী মোতায়েন সহ যাবতীয় প্রস্তুতি সম্পন্ন/

(৩) জাতির পিতা মহাত্মা গান্ধী এবং প্রাক্তন প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রীর জন্ম জয়ন্তীতে দেশবাসীর শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন/

(৪) আধুনিক বহনক্ষম যাতায়াতের নতুন মাধ্যম হিসেবে মুখ্যমন্ত্রীর ব্যাঙ্কো সাইকেল চালু/

এবং

(৫) এশিয়ান গেম্‌সে এপর্যন্ত ৭৬টি পদক পেয়ে ভারত পদক তালিকায় পঞ্চম স্থানে/ লাভলীনা বরগোঁহাইয়ের বক্সিংয়ে স্বর্ণ পদক অর্জন/

শিলচর পৌর নিগম নির্বাচন-২০২৬ এর ভোটগ্রহণ আগামীকাল অনুষ্ঠিত হবে । আগামীকাল সকাল সাড়ে সাতটা থেকে বিকেল চারটা পর্যন্ত ভোট নেওয়া হবে । ভোটগ্রহণ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য কাছাড়ের জেলা প্রশাসনের পক্ষ থেকে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । ভোটগণনা আগামী মঙ্গলবার অর্থাৎ ছয় অক্টোবর অনুষ্ঠিত হবে ।

শিলচর পৌর নিগমের নির্বাচনের ভোটগ্রহণের আগের দিন, অর্থাৎ আজ ভোটগ্রহণ কর্মীরা নির্বাচনী সামগ্রী নিয়ে নিজ নিজ গন্তব্যস্থলে পৌঁছে গেছেন। শিলচর রামনগরের আন্তঃরাজ্য বাস ও ট্রাক টার্মিনাসের স্ট্রং রুম থেকে ভোটগ্রহণ কর্মীদের ব্যালট বাক্স সহ অন্যান্য প্রয়োজনীয় নির্বাচনী সামগ্রী সমঝে দেওয়া হয়েছে। এই নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য নির্বাচনের সামগ্রিক প্রস্তুতি ও পরিচালনার তদারক করছেন কাছাড়ের জেলা নির্বাচনী আধিকারিক রাহুল কুমার গুপ্তা এবং জেলার পুলিশ সুপার পার্থপ্রতিম দাস। এছাড়া জেলার অন্যান্য নির্বাচনী আধিকারিকরাও সেইখানে থেকে নির্বাচনী সামগ্রী বিতরণ ও আনুষঙ্গিক ব্যবস্থাপনা সম্পর্কে খোঁজখবর নিয়েছেন।

উল্লেখ্য- শিলচর পৌর নিগমের নির্বাচনের জন্য সম্পূর্ণ নিগম এলাকায় ১৮টি সেক্টরে ৩০৩টি ভোটগ্রহণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। সেক্টর ভিত্তিক সরকারি আধিকারিক, পুলিশ আধিকারিক, নিরাপত্তা কর্মী ম্যাজিস্ট্রেট প্রমুখকে নির্বাচনের কাজে নিয়োজিত করা হয়েছে। জেলাশাসক বাইট---

এদিকে এই নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশনের নির্দেশিকা অনুযায়ী মিডিয়া সার্টিফিকেশন এন্ড মনিটরিং কমিটি (এম সি এম সি) এর জেলাস্তরের কমিটি গঠন করা হয়েছে। কাছাড়ের জেলা কমিশনারের কার্যাময়ের পাবলিসিটি এন্ড পাবলিক রিলেশন সেল থেকে জারি করা এক আদেশে এই কমিটি গঠনের কথা জানানো হয়েছে। জেলাস্তরের এম সি এম সি কমিটির চেয়ারম্যান হিসেবে থাকছেন জেলা আয়ুক্ত রাহুল কুমার গুপ্তা। সদস্য সচিব হিসেবে রয়েছেন সহকারী আয়ুক্ত তথা ভারপ্রাপ্ত ডি ডি আই পি আর ও সাম্পি দাস। কমিটির সদস্যদের মধ্যে রয়েছেন আরো বেশকয়েকজন আধিকারিককে রাখা হয়েছে। নির্দেশ অনুযায়ী জেলাস্তরের এই কমিটির প্রধান দায়িত্বের মধ্যে রয়েছে- নির্বাচন সংক্রান্ত রাজনৈতিক বিজ্ঞাপন, প্রি-সার্টিফিকেশন প্রদান, প্রিষ্ঠ ও ইলেক্ট্রনিক মিডিয়া, কেবল নেটওয়ার্ক, সামাজিক মাধ্যম এবং অন্যান্য নির্ধারিত মাধ্যমের নির্বাচন সংক্রান্ত বিজ্ঞাপন, সম্ভাব্য পেইড নিউজ সহ অন্যান্য বিধিভঙ্গের বিষয় পর্যবেক্ষণ করা। এছাড়া রাজ্য নির্বাচন কমিশনের পক্ষ থেকে সময়ে সময়ে অপিড়ত অন্যান্য দায়িত্বও জেলাস্তরের এই কমিটি পালন করবে বলে আদেশে উল্লেখ করা হয়েছে।

প্রথমবারের মতো অনুষ্ঠেয় শিলচর পৌর নিগমের নির্বাচনে বর্তমানের ৪০টি ওয়ার্ডের ভোটগ্রহণের জন্য নির্বাচনী আসরে ১৩১ জন প্রার্থী রয়েছেন। এরমধ্যে রাজ্যে ক্ষমতাসীন বিজেপি ৩৬টি এবং তার মিত্রজোট অসম গণপরিষদ চারটি ওয়ার্ডে প্রতিদ্বন্দ্বিতা করছে। এছাড়া রাজ্যের বিরোধী কংগ্রেস দল ৪০টি ওয়ার্ডেই

প্রতিদ্বন্দ্বিতা করছে । এদিকে ৪০টি ওয়ার্ডের একটিতে ফোরাম ফর সোশ্যাল হারমনি এবং বাকিগুলিতে বেশকয়েকজন নির্দল প্রার্থী নির্বাচনী আসরে রয়েছেন ।

সমগ্র দেশে আজ যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা মহাত্মা গান্ধীর ১৫৭ তম জন্মবার্ষিকীতে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়েছে । এ উপলক্ষে আজ দেশের বিভিন্ন প্রান্তে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয় । জাতীয় রাজধানী দিল্লীতে থাকা মহাত্মা গান্ধীর সমাধি রাজঘাটে আজ সর্বধর্ম প্রার্থনাসভা অনুষ্ঠিত হয়েছে ।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ।

দেশবাসী আজ দেশের দ্বিতীয় প্রধানমন্ত্রী লালো বাহাদুর শাস্ত্রীর ১২২ তম জন্মবার্ষিকী উপলক্ষে প্রাক্তন প্রধানমন্ত্রীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ।

সমগ্র রাজ্যেও আজ জাতির পিতা মহাত্মা গান্ধী এবং দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী লালো বাহাদুর শাস্ত্রীর জন্মবার্ষিকীতে তাঁদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে । মহাত্মা গান্ধীর জন্ম বার্ষিকী উপলক্ষে আজ রাজ্যের নানা প্রান্তে আলোচনা সভা , স্বচ্ছতা অভিযান ইত্যাদির আয়োজন করা হয় ।

বরাক উপত্যকায়ও আজ যথাযোগ্য মর্যাদায় মহাত্মা গান্ধীর ১৫৭তম জন্ম বার্ষিকী পালন করা হয়েছে ।

কাছাড় জেলার সব সরকারী বিভাগ , পৌর নিগম ও প্রশাসনিক প্রতিষ্ঠানের আধিকারীক ও কর্মচারীরা আজ সকালে জাতির জনক মহাত্মা গান্ধীর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন । শিলচরে জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে অতিরিক্ত আয়ুক্ত মনোজিৎ কুটুমের পৌরহিত্যে আয়োজিত সভায় মহাত্মা গান্ধীর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানোর পাশাপাশি শান্তি ও অহিংসার আদর্শকে স্মরণ করে শপথ বাক্য পাঠ করা হয়েছে ।

এদিকে শিলচর পৌর নিগমের উদ্যোগে এবং সৃষ্টি ওয়েস্ট ম্যানেজমেন্ট সার্ভিসেস-এর সহযোগীতায় স্থানীয় গান্ধীবাগ পার্কে গান্ধী মূর্তিতে শ্রদ্ধা জানানো হয়েছে । এ উপলক্ষ্যে শহরের পরিষ্কার-পরিচ্ছন্নতা রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী মহিলা সাফাই মিত্রদের হাতে কাজের স্বীকৃতি স্বরূপ পি পি ই কিট তুলে দেওয়া হয়েছে । এছাড়া গান্ধীবাগ উদ্যানে স্বচ্ছতা অভিযান পালন করা হয়েছে ।

শিলচরের তথ্য ও জনসংযোগ কার্যালয়েও আজ গান্ধী জয়ন্তী পালন করা হয়েছে । সকাল কার্যালয়ের কর্মী ও আধিকারীকরা মহাত্মা গান্ধীর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান । সোনাই পৌরসভার পক্ষ থেকেও আজ গান্ধী জয়ন্তী পালিত হয়েছে । পৌরসভার

কমী ও আধিকারীকরা স্বচ্ছতার শপথ বাক্য পাঠ করেন । বদরপুর পৌরসভার পক্ষ থেকেও আজ বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে গান্ধী জয়ন্তী পালন করা হয়েছে ।

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগেও আজ বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে মহাত্মা গান্ধীর জন্ম জয়ন্তী পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে সরকারী কার্যালয়ে পরিচ্ছন্নতা অভিযান ও সচেতনতামূলক কার্যসূচী পালিত হয়েছে ।

শ্রীভূমি জেলা কংগ্রেসে উদ্যোগেও আজ ইন্দিরা ভবনে যথাযোগ্য মর্যাদায় মহাত্মা গান্ধী ও প্রাক্তন প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রীর জন্মজয়ন্তী পালিত হয়েছে । জেলা কংগ্রেস সভাপতি তাপস পুরকায়স্থের পৌরহিত্যে আয়োজিত সভার প্রথমে মহাত্মা গান্ধী ও লালবাহাদুর শাস্ত্রীর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয় । পরে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

হাইলাকান্দি জেলা প্রশাসন মহাত্মা গান্ধীর জন্ম বার্ষিকী উপলক্ষে সকালে জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে-র নেতৃত্বে জেলা প্রশাসন কার্যালয়ের কমী ও আধিকারীকরা সমবেতভাবে অহিংসার শপথ বাক্য পাঠ করেন । পরে ২০০৬ সালের তপশিলি উপজাতি ও অন্যান্য বন অধিকার স্বীকৃত আইন এর অধীনে বনবাসীদের মধ্যে জমির পাট্টা বিতরণ করা হয়েছে । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জেলা উন্নয়ন আয়ুক্ত শ্রীবে বনাঞ্চলের পরিবেশগত ভারসাম্য রক্ষা এবং প্রাকৃতিক সম্পদ সংরক্ষনের উপর গুরুত্ব আরোপ করেন বলে জানান।

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা রাজ্যের বাঁশকে আধুনিক ও বহনক্ষম যাতায়াতের সঙ্গে সংযোগ করা আজ গুয়াহাটীর সতী রাধিকা শান্তি উদ্যানে আসাম ব্যাস্থো সাইকেলের সূচনা করেছেন। পুনে’র ব্যাস্থো ইন্ডিয়া প্রাইভেট লিমিটেডের সহযোগিতায় ছয়গাঁওয়ের বাঁশ প্রযুক্তি উদ্যানে রাজ্যের বিভিন্ন জেলার বাঁশ ব্যবহার করে এই সাইকেল সমূহ নির্মাণ করা হয়েছে । এই বাঁশের সাইকেলগুলি মাত্র পাঁচ টাকায় চার্জ করে ৫০ কিলোমিটার চালানো যাবে । প্রতি মাসে প্রায় এক হাজারটি সাইকেল উৎপাদনের লক্ষ্য গ্রহণ করা এই শিল্পের পরিসর ভবিষ্যতে আরো বৃদ্ধি করার সুযোগ রয়েছে । এই সাইকেলের সুরক্ষাজনিত বিষয়টি ব্যুরো অব ইন্ডিয়া স্ট্যান্ডার্ড’এ প্রমাণিত হয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন ।

আজ থেকে আগামী ৮ অক্টোবর পর্যন্ত দেশজুড়ে জাতীয় বন্যপ্রাণী সপ্তাহ উদযাপন করা হচ্ছে । জাতির পিতা মহাত্মা গান্ধীর জন্মদিবসের সঙ্গে সংগতি রেখে আয়োজিত এই বিশেষ সপ্তাহ পালনের মূল উদ্দেশ্য হচ্ছে প্রাকৃতিক পরিবেশ , জৈব বৈচিত্র্য এবং বন্যপ্রাণী সংরক্ষনের প্রতি জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টি করা ।

আসামেও আজ বন্যপ্রাণী সপ্তাহ পালনের কার্যসূচীর সূচনা করা হয়েছে। বনমন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া গুয়াহাটীর আসাম রাজ্য চিরিয়াখানা এবং উদ্ভিদ উদ্যানে আনুষ্ঠানিকভাবে এই বন্যপ্রাণী সপ্তাহ উদযাপন কার্যসূচীর সূচনা করেন।

জোয়াই-বদরপুর সড়কের জোড়াবাটের দশ মাইল এলাকায় আজ এক ভূমিধ্বসের ঘটনা সংঘটিত হয়েছে। একটি ফুয়েল পাম্পের পেছনের দিকে পাহাড়ের একটি বড় অংশ ধসে পড়ায় ওই পাম্পের বিস্তর ক্ষতি হয়েছে। ভূমিধ্বসের ফলে পাম্পটির বিস্তীর্ণ এলাকা ধসে পড়া মাটি ও পাথরে ঢেকে যায়। এছাড়া ওই পাম্প দাঁড় করিয়ে রাখা দুটি গাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানা গেছে। তবে এই ঘটনায় হতাহতের কোনো খবর পাওয়া যায়নি। দুর্ঘটনায় ক্ষয়ক্ষতির পরিমাণ এবং পুনরায় ধ্বসের আংশংকা রয়েছে কি না, তা খতিয়ে দেখা হচ্ছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন।

জাপানের আইসি নাগোয়াতে অনুষ্ঠিত এশিয়ান গেমসে ভারতীয় এ্যাথলিটদের উজ্জ্বল প্রদর্শনের ধারা অব্যাহত। ভারত আজ হকিতে একটি, কুস্তিতে একটি, বক্সিংয়ে তিনটি, এবং আর্চারীতে একটি স্বর্ণপদক সহ মোট ৬ টি স্বর্ণপদক অর্জন করেছে। ভারতীয় মহিলা হকি দলটি আজ ফাইনালে চীনকে ১-০ গোলে পরাজিত করে সোনার পদক লাভ করেছে। ভারতীয় কুস্তিগির সুজিৎ কালকালে পুরুষের ৬৫ কিলোগ্রাম ফ্রী-স্টাইল ইভেন্টে সোনার পদক লাভ করেছে। লাভলীনা বরগোহাঁই মহিলাদের বক্সিংয়ের ৭৫ কিলোগ্রাম ওজন শাখায় সোনার পদক লাভ করে ইতিহাস সৃষ্টি করেছে।
